187

তারিখ ... MAR 22 1999 ...
পৃষ্ঠা ৩ কলাম ৭

দৈনিক ইনকিলাব

# ছাত্রদলকে ক্যাম্পাসের বাইরে রেখেই চমেকসু নির্বাচন

**চট্টগ্রাম ব্যুরো** ।। জাতীয়তাবাদী ছাত্রদলের নেতা-কর্মীদের ক্যাম্পাসের বাইরে রেখে আজ ২২ মার্চ (সোমবার) চট্টগ্রাম মেডিকেল কলেজের ছাত্র সংসদের (চমেকসু) নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। ১৯৯৬ সালের জুন মাসে আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর শাসক দলীয় ছাত্র সংগঠন মুজিববাদী ছাত্রলীগ ছাত্রদল নেতা-কর্মীদের ক্যাম্পাস থেকে বিতারিত করে। ছাত্রদল নেতা-কর্মীরা বর্তমানে প্রকাশ্যে কোন তৎপরতা চালাতে পারছে না। গত বছরের ন্যায় এবারও ছাত্রদলকে নির্বাচনে অংশগ্রহণের সুযোগ দেয়া হয়নি। দীর্ঘ ৫ বছর পর গত বছর ২৪ মার্চ চমেকসু নির্বাচন অনুষ্ঠিত হয়। গত বছরও ছাত্রদলকে বাইরে রেখে নির্বাচনের অনুষ্ঠানের ব্যবস্থা করা হয়। ইসলামী ছাত্র শিবির '৯৮-এর নির্বাচনে প্যানেল ঘোষণা করলেও প্রচারণা চলাকালে ছাত্রলীগের সন্ত্রাসের প্রতিবাদে শেষ মুহূর্তে নির্বাচন বর্জন করে। অবশেষে ছাত্রলীগ একমাত্র সংগঠন ছাত্র ইউনিয়নকে নিয়ে নির্বাচন করে। এ বছর নির্বাচনে ছাত্রলীগ, ছাত্র শিবির ও ছাত্র ইউনিয়নের ৩টি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করছে। প্রার্থীরা প্রচার-প্রচারণা অব্যাহত রেখেছে। এদিকে চমেকসু নির্বাচনকে সামনে রেখে শাসক দলীয় ছাত্র সংগঠন ছাত্রলীগের মধ্যে দলীয় কোন্দল মাথা চাড়া দিয়ে উঠেছে। প্রার্থী মনোনয়নকে কেন্দ্র করে গত ৬ মার্চ গভীর রাতে দু'গ্রুপের মধ্যে ব্যাপক বন্দুকযুদ্ধ হয়েছে। নির্বাচনে ব্যাপক সহিংসতার আশংকায় ক্যাম্পাস এলাকায় আতংক বিরাজ করছে। উল্লেখ্য, ১৯৯৮ সালের ২৪ মার্চ অনুষ্ঠিত নির্বাচনে ছাত্রলীগ সব কয়টি পদে বিজয়ী হয়।